বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা।
www.brdb.gov.bd

**বিআরডিবি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-২০২০-২০২১ অর্থ বছরের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নিতাই চন্দ্র সেন<br>পরিচালক (প্রশাসন) বিআরডিবি, ঢাকা। |
| তারিখ | : | ১০ সেপ্টেম্বর ২০২০ খ্রি. |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ। |

**সভায় উপস্থিতি পরিশিষ্ট ' ক '-তে।**

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি বিআরডিবি'র NIS টিমের সদস্য সচিব উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা) কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

তিনি বিআরডিবি'র বিভিন্ন শাখা/জেলাদপ্তর থেকে প্রাপ্ত ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১ সভায় উপস্থাপন করেন। তিনি শাখা/জেলাদপ্তরসমূহের ২০২০-২০২১ NIS এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য পর্যালোচনা করেন এবং ২০১৯- ২০২০ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে মর্মে সভায় জানান। তিনি NIS এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে শাখা/জেলাদপ্তরসমূহের NIS সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। সকল শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনাশেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

১) ৫.৫, ৫.৬, ৬.৩, ৭.৩ পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রয়োজন;

২) প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে অংশীজনদের নিয়ে সভার আয়োজন করতে হবে ;

৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং দ্রুততম সময়ের মধ্যে ই-ফাইলিং এর কার্যক্রম ১০০% এ উন্নীত করতে হবে ;

৪) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে ;

৫) ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা লক্ষমাত্রা শতভাগ নিশ্চিত করতে হবে;

৬) সকল শাখা প্রধান তাদের স্ব-স্ব শাখার শুদ্ধাচারের উপর কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন ;

৭) সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে ;

৮) সেবা প্রদানের ক্ষেত্রে বিআরডিবি'র সকল কর্মকর্তা-কর্মচারীকে ১০০% ভাগ সততা ও নিষ্ঠার পরিচয় দিতে হবে ;

৯) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার আলোকে সংশ্লিষ্ট সকলকে কর্মপরিবেশের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য নতুন নতুন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করতে হবে ;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/০৯/২০২০

নিতাই চন্দ্র সেন
পরিচালক (প্রশাসন)
বিআরডিবি, ঢাকা

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯. ৪২৪৬

তারিখঃ ১০/০৯/২০২০ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। পরিচালক (সকল)........................বিআরডিবি, ঢাকা।
২। প্রকল্প পরিচালক /কর্মসূচি পরিচালক(সকল)................... বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/রংপুর/গাইবান্ধা।
৩। যুগ্মপরিচালক (সকল)........................বিআরডিবি, ঢাকা।
৪। উপপরিচালক (সকল) বিআরডিবি...........................জেলা।
৫। উপপরিচালক,...............................................বিআরডিবি, ঢাকা।
৬। উপপরিচালক (প্রোগামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। জনাব/বেগম.....................................................................
৯। সংশ্লিষ্ট নথি।

১০/০৯/২০২০

মোঃ নুরুজ্জামান
উপপরিচালক (জ.ও স.)
ফোনঃ ৮১৮০০১৮